



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় : একাদশ শ্রেণী খোলার মেয়াদ বৃদ্ধি সহ দ্বাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতি এবং ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের বিশেষ অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : আপনার ২৮-০৫-২০১৪ তারিখের আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত কলেজে মৌলিক শর্তাবলী পূরণ হওয়ায় অনুমতি প্রাপ্ত বিষয়/বিভাগ এর একাদশ শ্রেণীর ভর্তির অনুমতির মেয়াদ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ পর্যন্ত বৃদ্ধি সহ দ্বাদশ শ্রেণীতে পাঠদান এবং ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণের বিশেষ অনুমতি প্রদান করা হল।

শর্তাবলী :

- ১। দ্বাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীগণ ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিশেষ অনুমতিতে অংশগ্রহণ করতে পারবে। সে ক্ষেত্রে ২০১৬ সালের পরীক্ষার পূর্বে প্রতি বিভাগের জন্য ২০০০/= (দুই হাজার) টাকা হারে ফিস জমা পূর্বক অনুমতি গ্রহণ করতে হবে।
- ২। উক্ত মেয়াদের মধ্যে সকল শর্ত যথাযথ ভাবে পূরণ করতে হবে।
- ৩। কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- ৪। পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৫। ওয়েব সাইটের মাধ্যমে বোর্ডের সকল তথ্য ও বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ
বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুল
বাগেরহাট সদর, বাগেরহাট।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।
ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/ ২৫৯৪(৭)৬

তারিখ : ৪/৯/১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, বাগেরহাট।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস নথি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।
ফোন-০৪২১-৬৮৬৩৮